# বরিশাল বোর্ড-২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : ১ ৫ ০

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. আকাশ সাহেব তার এলাকার একটি স্কুলের ম্যানেজিং কমিটির নির্বাচনে দাঁড়িয়েছেন। তাকে সকলে ভালো লোক হিসেবে জানে। তিনি অভিভাবকদের ভোটে নির্বাচিত হওয়ার পরও দুর্নীতিপরায়ণ বিদায়ী কমিটি তাকে প্রাপ্য অধিকার দেয়নি। তাকে দায়িত্ব দিতে তারা গড়িমসি করে। এক সময় অভিভাবকরা আন্দোলন শুরু করেন। অভিভাবকদের প্রতিবাদী আন্দোলনের কারণে পুরনো কমিটি বিদায় নিতে বাধ্য হয়। নতুন কমিটি ক্ষমতা পায়।

ক. কত সালে ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান ঘটে?

খ. ছয়দফা অন্দোলনকে কেন বাঙালি জাতির 'মুক্তির সনদ' বলা হয়? ২

গ. আকাশ সাহেবের নির্বাচনের সাথে পাঠ্যবইয়ের কোন নির্বাচন সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অভিভাবকদের আন্দোলন ও বাংলাদেশের মুক্তি সংগ্রামের প্রেক্ষাপট একই— বিশ্লেষণ কর। ৪

২. সালমা সৌরজগৎ সম্পর্কে জানতে একটি বই পড়ছিল। সে জানতে পারল, সৌরজগতের প্রাণকেন্দ্র হলো সূর্য। সূর্য থেকে সামান্য তাপ ও আলো দ্বারাই একটিমাত্র গ্রহে জীবজন্তু ও উদ্ভিদের জীবনধারণ ঘটছে। সূর্যের তাপ ও আলো কাজে লাগিয়েই এ গ্রহটি দিন দিন উন্নতি লাভ করছে।

ক. লালমাই পাহাড়ের গড় উচ্চতা কত মিটার? ১

খ. ভূমিকম্প বলতে কী বোঝায়? ২

গ. সালমা বই পড়ে সৌরজগতের যে গ্রহ সম্পর্কে ধারণা পেয়েছে সেটির ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের বর্ণিত সূর্যের যে শক্তি সম্পদের কথা বলা হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৩. মা ২০১১ সালে জাপানের একটি দুর্যোগের কথা বলেছিলেন আর আমরা ভাইবোনেরা মনোযোগ দিয়ে কথাগুলো শুনছিলাম। সে দুর্যোগে সমুদ্র তীরের একটি শহর পানির প্রবল স্রোত ভেসে যেতে থাকল, বাড়ি-গাড়ি স্রোতের কাছে কিছুই মনে হলো না।

Teachingbd24.com

ক. নেপালের বার্ষিক গড় বৃষ্টিপাত কত? ১

খ. বিশ্বে ভূমিকম্পপ্রবণ অঞ্চল হিসেবে প্রশান্ত মহাসাগরীয় অংশের বর্ণনা দাও। ২

গ. যে প্রাকৃতিক ঘটনার ফলাফল হিসেবে উপরিউক্ত ঘটনা ঘটেছিল তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উপরোক্ত ঘটনার প্রেক্ষিতে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরসনে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে বলে তুমি মনে কর। ৪

৪. মামুন সদ্য বিশ্ববিদ্যালয় থেকে পাস করে রাজশাহীতে একটি ভালো চাকরি পেয়েছে। তার পৈত্রিক বাড়ি চট্টগ্রাম। মামুন রাজশাহী শহরটি ঘুরে দেখলো এবং এখানকার ভূ-প্রকৃতি, আবহাওয়া, নদ-নদী ও জলবায়ুর সাথে নিজ অঞ্চলের জলবায়ুর কিছুটা পার্থক্য দেখতে পেল।

ক. কর্ণফুলি নদীর দৈর্ঘ্য কত? ১

খ. স্রোতজ বনভূমির বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকে মামুনের কর্মস্থলের পাশ দিয়ে বয়ে যাওয়া বড় নদীটির গতিপথ চিত্রসহ বর্ণনা কর। ৩

ঘ. মামুনের নিজ জেলার নদীগুলো অর্থনৈতিক উন্নয়নে কী ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

৫. করিম তার পিতার মৃত্যুর পর ভাই-বোনদের মাঝে জমিজমা বণ্টন করতে গিয়ে উল্লেখ করেন, "মুসলমান হিসেবে আমি তোমাদের কারও জমিজমা আত্মসাৎ করব না।" তার মতামত ভাই-বোনরা সাদরে মেনে নিল।

ক. 'The Modern State' গ্রন্থটির রচয়িতা কে? ১

খ. 'কর প্রদান করা নাগরিকের অন্যতম দায়িত্ব'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আইনের যে উৎসটির প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর, আইনের এ উৎসটি মানুষের নৈতিক মূল্যবোধ সৃষ্টিতে সহায়ক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. মোস্তফা সাহেব, তাঁর পরিবারসহ ঢাকাতে বসবাস করেন। তাঁর স্ত্রী সোনিয়া বেগম সংসারের কাজকর্ম করার পাশপাশি ঘরে বসেই কয়েকটি গার্মেন্টিসের তৈরী পোশাকে হাতের কাজ করেন। তারা তাদের সন্তানদের নিজেরাই পড়ান। স্নেহ, মমতা ও প্রেমপ্রীতি ভালোবাসার বন্ধনে লালন-পালন করেন। সকলের সঙ্গে গল্পগুজব, আমোদ-আহ্লাদ, খেলাধুলার পাশাপাশি সামাজিক আচার-আচরণ, আদব-কায়দা, সহমর্মিতা ও সহযোগিতার শিক্ষাও দেন।

ক. পরিবার কী? ১

https://teachingbd24.com

খ. শিশুর সামাজিকীকরণে ধর্মীয় প্রতিষ্ঠানের প্রভাব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— ব্যাখ্যা কর। ২

গ. "মোস্তফা সাহেবের পরিবার শিশুর সামাজিকীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে"— ব্যাখ্যা কর। ৩

ঘ. "মোস্তফা সাহেবের পরিবারের কার্যাবলির সাথে আধুনিক পরিবারের কার্যাবলির সাদৃশ্য রয়েছে" — বিশ্লেষণ কর। ৪

৭. মি. রহিম একটি সুসংগঠিত নাগরিক সমষ্টির প্রতিনিধিত্ব করেন। তার সংগঠনের উদ্দেশ্য হচ্ছে বিভিন্ন কর্মসূচি প্রদান করে জনসমর্থন আদায়ের
১ মাধ্যমে নিয়মতান্ত্রিক উপায়ে রাষ্ট্রীয় ক্ষমতা অর্জন। সেই লক্ষ্যে তিনি উক্ত সংগঠনের পক্ষে অবিরাম কাজ করে যাচ্ছেন।

ক. আব্রাহাম লিঙ্কন প্রদত্ত গণতন্ত্রের সংজ্ঞাটি লিখ। ১

খ. নির্বাচনি আচরণবিধি বলতে কী বোঝায়? ২

গ. মি. রহিম যে সংগঠনের প্রতিনিধিত্ব করছেন তার ভূমিকা বর্ণনা কর। ৩

ঘ. "উক্ত সংগঠনের সাথে গণতান্ত্রিক শাসন ব্যবস্থার ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে।"— তুমি কি উক্তিটির সাথে একমত? যুক্তি দাও। ৪

৮. মিলন বিশ্বের এমন একটি প্রতিষ্ঠানের প্রধান হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে চায়, যে প্রতিষ্ঠান বিশ্বশান্তি ও নিরাপত্তা নিশ্চিত করে। মানুষের সমান অধিকার প্রতিষ্ঠা করে। প্রত্যেক সদস্যদের মধ্যে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সহযোগিতা গড়ে তোলে। সকল ধর্ম ও বর্ণের লোকের স্বাধীনতা ও মৌলিক অধিকারের প্রতি সম্মান ও শ্রদ্ধা গড়ে তোলে।

ক. হেগ শহর কোন দেশে অবস্থিত? ১

খ. 'লীগ অব নেশন্স'— এর সৃষ্টির পটভূমি বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশ্বশান্তি প্রতিষ্ঠায় উক্ত প্রতিষ্ঠানের অবদান মূল্যায়ন কর। ৪

৯. মানিকগঞ্জ শহরে বাস করেন জনাব কবির। পেশায় তিনি একজন কলেজ শিক্ষক। তার বাসাসহ মানিকগঞ্জের অধিকাংশ বাসায় সরকারি সংস্থা কর্তৃক সরবরাহকৃত পানি, বিদ্যুৎ ও গ্যাসের অপচয় নিয়ে তিনি গভীরভাবে উদ্বিগ্ন। তিনি মানিকগঞ্জ শহরের বাসিন্দাদের লক্ষ করে একবার দৈনিক আজাদী পত্রিকায় একটি লেখা লিখলেন। লেখাতে তিনি শহরের সকলকে এসব সম্পদের সঠিক ব্যবহারে যত্নবান হওয়ার পরামর্শ দেন।

Teachingbd24.com

https://teachingbd24.com

ক. উৎপাদনের উপকরণ কয়টি? ১

খ. উৎপাদনের উপকরণ হিসেবে সংগঠনের ব্যাখ্যা দাও। ২

গ. জনাব কবির যে ধরনের সম্পদের সঠিক ব্যবহারের জন্য শহরের লোকদের পরামর্শ দিয়েছেন পাঠ্যপুস্তকের আলোকে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর, শুধু শহরের বাসিন্দা নয়, এ ধরনের সম্পদের সংরক্ষণ ও অপচয় রোধে রাষ্ট্রেরও কিছু করণীয় রয়েছে? বিশ্লেষণ কর। ৪

১০. ২০১৫-২০১৬ অর্থ বছরে 'P' রাষ্ট্রের অভ্যন্তরে সে দেশের নাগরিকগণ কর্তৃক উৎপাদিত মোট দ্রব্য ও সেবার আর্থিক মূল্য ৩০,০০০ কোটি টাকা। ঐ দেশের অভ্যন্তরে বিদেশিদের দ্বারা উৎপাদিত দ্রব্য ও সেবার আর্থিক মূল্য ৪৫০০ কোটি টাকা। ঐ একই বছরে উক্ত দেশের বাইরে পৃথিবীর বিভিন্ন দেশে বসবাসকারী ঐ দেশের নাগরিকদের উৎপাদনের আর্থিক মূল্য ৭০০০ কোটি টাকা।

ক. অর্থনৈতিক প্রবৃদ্ধি কাকে বলে? ১

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়? ২

গ. 'P' রাষ্ট্রের ২০১৫-১৬ অর্থ বছরের মোট জাতীয় উৎপাদন (GNP) নিরূপণ কর। ৩

ঘ. 'P' রাষ্ট্রের মোট দেশজ উৎপাদন (GDP) বৃদ্ধিকল্পে তুমি কী ধরনের সুপারিশ করবে? বিশ্লেষণ কর। ৪

১১. মনির বাবা-মার একমাত্র সন্তান। চাকরিসূত্রে সে থাইল্যান্ডে ৩ বছর থাকার পর দেশে ফিরে আসে। তার শারীরিক অবস্থা আগের মতো ভালো নেই। কর্মচাঞ্চল্যতা সে হারিয়ে ফেলেছে। সার্বক্ষণিক জ্বর, পাতলা-পায়খানা হচ্ছে। তার বাবা-মা তার এ অবস্থা দেখে চিন্তিত হন এবং দ্রুত গতিতে ডাক্তারের পরামর্শ নেন। ডাক্তার মনিরকে রক্ত পরীক্ষা করতে বলেন।

ক. শিশু আইন, ১৯৭৪ অনুসারে শিশু কারা? ১

খ. জাতিসংঘ শিশু অধিকার সনদ বলতে কী বোঝায়? ২

গ. মনির যে রোগে আক্রান্ত হয়েছে তার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. "গণসচেতনতাই উক্ত রোগ প্রতিরোধের একমাত্র উপায়"— উক্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: ১৫০

## বহুনির্বাচনি অভীক্ষা

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. "অপারেশন সার্চলাইট"— এর নীল নকশা কে তৈরি করেন?
ক) ইয়াহিয়া খান খ) রাও ফরমান আলী
গ) খাজা নাজিম উদ্দীন ঘ) আইয়ুব খান

২. গোমতী কোন নদীর উপনদী?
ক) পদ্মা খ) যমুনা
গ) মেঘনা ঘ) পশুর

৩. চিরহরিৎ বনভূমির গাছের পাতা—
i. একত্রে ফোটে না ii. একত্রে ঝরে না
iii. একত্রে ফোটে এবং একত্রে ঝরে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii


৪. সৌরজগতের সকল গ্রহ ও উপগ্রহের নিয়ন্ত্রক কোনটি?
ক) সূর্য খ) চন্দ্র
গ) উল্কা ঘ) নক্ষত্রসমূহ

৫. রাফির বাবা জাতীয় সংসদের একজন সদস্য। তিনি নিচের কোন কাজটিতে অংশ নিতে পারবেন?
ক) ন্যায় বিচার প্রতিষ্ঠা
খ) শাসন বিভাগকে নিয়ন্ত্রণ
গ) আইনের ব্যাখ্যা প্রদান
ঘ) জরুরি অবস্থা ঘোষণা

৬. সামাজিক পরিবর্তনের প্রাকৃতিক উপাদান কোনটি?
ক) বৈশ্বিক উষ্ণায়ন খ) জন্ম-মৃত্যুহার
গ) জনসংখ্যার প্রকৃতি ঘ) জীবনযাত্রার মান

৭. বাংলাদেশের যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে যাওয়ার কারণ হলো—
i. দারিদ্র্য ও জনসংখ্যা বৃদ্ধি
ii. নিরক্ষরতা ও অজ্ঞতা
iii. শিল্পায়ন ও নগরায়ণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের নিচের চিত্রটি দেখে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:




৮. চিত্রে নির্দেশিত তিথি কোনটি?
ক) অমাবস্যা খ) পূর্ণিমা
গ) অষ্টমী ঘ) সপ্তমী

৯. চিত্রে আমরা কোন শ্রেণীর জোয়ার-ভাটা প্রত্যক্ষ করছি?
ক) গৌণ জোয়ার খ) মুখ্য জোয়ার
গ) মরা কটাল ঘ) ভরা কাটাল

১০. সামগ্রিকভাবে সরকারের কয়টি বিভাগ রয়েছে?
ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ৬টি

১১. বিচার বিভাগের মূল লক্ষ্য কী?
ক) দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা
খ) রাজনৈতিক দলের প্রচারণা ও নির্বাচন করা
গ) নাগরিকদের ব্যক্তি স্বাধীনতা ও অধিকার সংরক্ষণ
ঘ) রাষ্ট্রের সকল নাগরিকদের শিক্ষার ব্যবস্থা কর।

১২. 'প্রযুক্তি' কোন ধরনের সম্পদ?
ক) ব্যক্তিগত খ) জাতীয়
গ) সমষ্টিগত ঘ) আন্তর্জাতিক

১৩. আইনের বৈশিষ্ট্য হচ্ছে—
i. মানুষের আচরণকে সংযত করে
ii. সকলের অধিকারের সাম্য বজায় রাখে
iii. সকলের সুযোগ সুবিধা অসমান থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii


১৪. অধ্যাপক আমীর হোসেন সরকারকে প্রতিবছর কিছু কর প্রদান করেন। তিনি কোন ধরনের কর প্রদান করেন?
ক) মূল্য সংযোজন কর খ) ভূমি রাজস্ব
গ) আবগারি কর ঘ) আয় কর

১৫. বাণিজ্যিক ব্যাংকের অন্যতম প্রধান কাজ কী?
ক) ঋণ প্রদান খ) আমানত গ্রহণ
গ) সুদ প্রদান ঘ) মুনাফা অর্জন

১৬. নির্বাচন কমিশনের কাজ হলো—
i. নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ
ii. জাতীয় নিরাপত্তা রক্ষা
iii. মনোনয়ন পত্র বাছাই
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

নিচের চিত্রটি দেখে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:



১৭. চিত্রে সামাজিকীকরণ প্রক্রিয়ায় প্রধানত কোন প্রতিষ্ঠানের ভূমিকা নির্দেশ করছে?
ক পরিবার খ গণমাধ্যম
গ বিদ্যালয় ঘ স্থানীয় গোষ্ঠী

১৮. নির্দেশিত মাধ্যমটি দ্বারা—
i. সংস্কৃতি আধুনিকতার স্পর্শ পেয়েছে
ii. শিশু কিশোররা বিনোদন পাচ্ছে
iii. সমাজের সাথে তারা মানিয়ে চলতে শিখছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. বংশমর্যাদা এবং সম্পত্তির উত্তরাধিকারের ভিত্তিতে পরিবার কয় ধরনের?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

২০. টারশিয়ারি যুগের পাহাড় হলো—
i. কিওক্রাডং ii. লালমাই
iii. চিকনাগুল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. বিশ্বের যে কোনো দেশের অর্থনীতিকে প্রধানত কয়টি খাতে ভাগ করা হয়?
ক পাঁচটি খ চারটি
গ তিনটি ঘ দু'টি

২২. পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী খাজা নাজিমউদ্দীন সংগ্রাম পরিষদের সঙ্গে কত দফা চুক্তিতে স্বাক্ষর করেন?
ক ৪ দফা খ ৬ দফা
গ ৮ দফা ঘ ১১ দফা

২৩. গ্রামীণ এলাকায় নারীর প্রতি সহিংসতা বেশি হয় কেন?
ক নারী স্বাধীনতার অভাবে
খ শিক্ষার হার কম হওয়ায়
গ শ্রমিক হিসেবে সস্তা ও সহজলভ্য হওয়ায়
ঘ সামাজিক সচেতনতার অভাবে

২৪. রফিক সাহেব ভ্রমণকাহিনী বিষয়ক বই লেখেন। তার মেয়ে বিদেশে ভ্রমণ করতে পছন্দ করে। তারা মনে করে এসব কাজ মানুষের দৃষ্টিভঙ্গি প্রগতিশীল করে সমাজে পরিবর্তন আনে। রফিক সাহেব ও তার মেয়ের কাজ সামাজিক পরিবর্তনের কোন উপাদানকে নির্দেশ করছে?
ক সাংস্কৃতিক খ প্রাকৃতিক
গ শিক্ষা ঘ যোগাযোগ

২৫. ইউনিসেফ সংস্থাটির কাজ কোনটি?
ক নারীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত করা
খ বাংলাদেশের জনগোষ্ঠীর খাদ্য নিশ্চিত করা
গ শরণার্থীদের লালনপালন ও আবাসন ব্যবস্থা
ঘ সুবিধাবঞ্চিত শিশুদের অধিকার আদায়

২৬. "রাষ্ট্র যদি হয় জীবদেহ তবে সরকার হলো এর মস্তিষ্ক স্বরূপ"— উক্তিটি কার?
ক প্লেটো খ এরিস্টটল
গ ম্যাকাইভার ঘ অধ্যাপক গার্নার

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
'ক' দেশের মাথাপিছু আয় ৬৪০ ইউএস ডলার। জনসংখ্যা ১৬৪ মিলিয়ন। মোট জাতীয় আয় ১০৪.৫ বিলিয়ন ডলার।

২৭. 'ক' দেশটির আয়ভিত্তিক শ্রেণিবিভাগ কোনটি?
ক নিম্ন আয়ের দেশ
খ উচ্চ আয়ের দেশ
গ মধ্য আয়ের দেশ
ঘ নিম্ন মধ্য আয়ের দেশ

২৮. এ ধরনের দেশের সাথে স্বল্পোন্নত দেশের অমিল কোনটি?
ক উন্নয়ন দীর্ঘমেয়াদে অব্যাহত
খ সম্পদের পূর্ণ ব্যবহারে অক্ষম
গ জনসংখ্যা বেশি, পুঁজি কম
ঘ দীর্ঘসময় ধরে মাথাপিছু আয় বৃদ্ধির প্রবণতা সৃষ্টি

২৯. শিল্পী জর্জ হ্যারিসন মুক্তিযুদ্ধে বিশ্ব জনমত সৃষ্টি করে কোনটির দ্বারা?
ক কবিতা রচনা করে
খ চলচ্চিত্র তৈরি করে
গ গান গেয়ে ঘ ছবি এঁকে

৩০. বাংলাদেশের পূর্বে অবস্থিত কোনটি?
ক মেঘালয় খ মিজোরাম
গ বিহার ঘ পশ্চিমবঙ্গ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |

https://teachingbd24.com